

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চেঞ্জাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ-narayanganj_pbs1@yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd



স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৪.

৬৭৮৫

তারিখঃ- ০২ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

বিষয়ঃ “পিক-আপ গাড়ির টায়ার” সরবরাহের পুনঃ দরপত্র (RFQ) বিজ্ঞপ্তি।

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জন্য নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে “পিক আপ গাড়ির টায়ার ” সরবরাহের নিমিত্ত অত্র পবিস’র নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদান অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বাংলাদেশি প্রকৃত ব্যবসায়ী/প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠান এর নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।


দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য	উদ্ধৃত মোট মূল্য
৮৩/২০২৩-২০২৪	পিকআপ গাড়ির টায়ারঃ ডানলপ (Made in Japan) অথবা সমমানের অত্র পবিসে প্রশাসন বিভাগে রক্ষিত নমুনা মোতাবেক) সাইজঃ ২৬৫/৬৫ আর ১৭, আর্মি বিট। কথায়ঃ	০৫ টি		
			সর্বমোট মূল্য	

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরদাতাকে আগামী ২১/০৫/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্রসমূহ নারায়ণগঞ্জ পবিস-১, চেঞ্জাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাইবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হইবে না। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২১/০৫/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাইবে না।
- ০২। আগ্রহী দরদাতাকে দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে “ টায়ার সরবরাহের দরপত্র” কথাটি লিখে দাখিল করিতে হইবে। যদি কোন দরদাতা ডানলপ (Made in Japan) ব্যতীত অত্র পবিস’র প্রশাসন বিভাগে রক্ষিত নমুনা মোতাবেক টায়ার সরবরাহ করিতে আগ্রহী হউন, সেক্ষেত্রে পবিস’র প্রশাসন বিভাগে প্রদর্শিত নমুনা পরিদর্শন পূর্বক রেজিস্ট্রারে স্বাক্ষর করিতে হইবে। নমুনা মোতাবেক টায়ার সরবরাহের ক্ষেত্রে আগ্রহী দরদাতাকে অবশ্যই পরিদর্শনকৃত টায়ার ও সংশ্লিষ্ট রেজিস্ট্রারে স্বাক্ষরযুক্ত কপি দরপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- ০৩। দরপত্রের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র, ব্যাংক সলভেন্সী সনদ, পল্লী বিদ্যুৎ সমিতি-তে উল্লিখিত মালামাল সরবরাহের অভিজ্ঞতা (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- ০৪। অফারকৃত স্পেসিফিকেশনের সহিত উপ স্পেসিফিকেশন/বর্ণনার অবশ্যই মিল থাকিতে হইবে।
- ০৫। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহ সাপেক্ষে বিল ও চালান দাখিল করতঃ সমিতি কর্তৃক হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে এবং সরকারি নিয়মানুযায়ী বিল হইতে ভ্যাট ও আয়কর কর্তন করা হইবে।
- ০৬। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাঝা ও ফুইড ব্যবহার গ্রহণযোগ্য হইবে না। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


৬৭৮৫

- ০৭। টায়ার সমূহ নিজ দায়িত্ব ও নিজ খরচে নিজস্ব পরিবহনের মাধ্যমে সমিতির সদর দপ্তরে পৌঁছাইয়া দিতে হইবে।
- ০৮। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।


 ১৬/০৩/১৪
 (প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন)
 সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো।)
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো।)
- ৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। (সদয় অবগতির জন্য)
- ৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁও/বন্দর, নারায়ণগঞ্জ।
- ৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ৭। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/ভারাব/মদনপুর), নারায়ণগঞ্জ পবিস-১।
- ৮। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ০৯। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। মের্সাস.....।
- ১১। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।


 ১৬/০৩/১৪
 (প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন)
 সিনিয়র জেনারেল ম্যানেজার